

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৭২

প. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(صحيح) و عَنْ أَبِيْ أُمامَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قال قال رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ :"لَيَنْتَقِضَنَّ عُرَى الإِسْلامِ عُرْوَةٌ عُرْوَةٌ، فَكُلَّمَا انْتَقَضَتْ عُرْوَةٌ تَشَبَّتُ النَّاسُ بِالَّتِي تَلِيهَا، فَأَوَّلُهُنَّ نَقْضًا الْحُكْمُ، وَآخِرُهُنَّ الصَّلاةُ". رواه ابن حبان في صحيحه

বাংলা

৫৭২. (সহীহ্) আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "ইসলামের সকল হাতল (শরীয়তের বিধি-বিধান) একটি একটি করে ভেঙ্গে যাবে। যখন একটি হাতল ভাঙ্গবে মানুষ তার পরেরটি আঁকড়ে ধরবে। সর্বপ্রথম যেটি ভেঙ্গে যাবে তা হচ্ছে (আল্লাহর বিধান অনুযায়ী) বিচার-ফায়সালা করা। আর সর্বশেষে যেটি ভেঙ্গে যাবে তা হচ্ছে নামায।"

(ইবনে হিব্বান ৬৬৮০ [সহীহ গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন, আহমাদ ৫/২৫১)[1]

ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, হাদীছটি আরো বর্ণনা করেছেন ইমাম আহমাদ ও হাকেম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন